

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি মন্ত্রণালয়  
প্রশাসন-১ শাখা  
[www.moa.gov.bd](http://www.moa.gov.bd)

নং-১২.০০.০০০০.১২.২৩.০৫৫.১৮-ন ৪৬

তারিখঃ ০৫ কার্তিক ১৪২৬  
২০ অক্টোবর ২০১৯

## উন্মুক্ত দরপত্র বিজ্ঞপ্তি

“বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার ১৪২৪” এর নিম্নলিখিত কার্যাবলি সম্পাদনের জন্য ০৫(পাঁচ) বছরের অভিজ্ঞতা সম্পন্ন আগ্রহী প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব প্যাডে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

### কাজের বিবরণ:


- (ক) স্বর্ণ পদক ও রৌপ্য পদক তৈরি করে পদকের পিছন দিকে পুরস্কার প্রাপ্ত ব্যক্তি/প্রতিষ্ঠানের নাম, পুরস্কারের ক্ষেত্র এবং পুরস্কারের বছর (বঙ্গাব্দ ও খ্রিস্টাব্দ) মুদ্রিত করে লেখা।
- (খ) বিটাক কর্তৃক প্রস্তুতকৃত স্বর্ণ পদকের রেল্লিকা ও রোঞ্জ পদক কৃষি মন্ত্রণালয় হতে বুয়ে নিয়ে পদকের পিছন দিকে পুরস্কারপ্রাপ্ত ব্যক্তি/ প্রতিষ্ঠানের নাম, পুরস্কারের ক্ষেত্র এবং পুরস্কারের বছর (বঙ্গাব্দ ও খ্রিস্টাব্দ) মুদ্রিত করে লেখা।
- (গ) রেল্লিকাগুলো গোল্ড প্লেটিং করা।
- (ঘ) ভেলভেটের কাসকেট তৈরি করা।
- (ঙ) পদকে রিবন সেটিং করা।

০২। দরপত্রের বিস্তারিত শর্ত ও সিডিউল আগামী ২৩/১০/২০১৯ খ্রি: তারিখ থেকে ১৮/১১/২০১৯ তারিখ দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত কৃষি মন্ত্রণালয় (কক্ষ নং ৪২৮, ভবন নং-০৪, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) হতে বিনামূল্যে সংগ্রহ করা যাবে।

০৩। দরপত্র আগামী ১৯/১১/২০১৯ খ্রি: তারিখে সকাল ১০.০০ টা হতে দুপুর ১.০০ টার মধ্যে কৃষি মন্ত্রণালয়ে (কক্ষ নং ৪২৮, ভবন নং-০৪, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) রক্ষিত টেন্ডার বাক্সে জমা দিতে হবে। দরপত্র বাক্স ঐ দিনই বেলা ১.৪৫ মিনিটে দরপত্র দাতাদের সমক্ষে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

০৪। দরপত্রের সাথে পূর্বে কাজ করার নমুনা এবং প্রামাণিক দাখিল করতে হবে।

০৫। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

  
(মীনাঙ্কী বর্মন)  
উপসচিব  
ফোনঃ ৯৫৭৭৪২৯  
e-mail: [admin1@moa.gov.bd](mailto:admin1@moa.gov.bd)